প্রশ্নঃ ৪৪০. ১/ প্রত্যাশা ডি ২০২০ সদস্যদের ১২% লাভে সহজ কিস্তিতে লোন দেওয়া হবে। ২/ বাহিরের গ্রাহকদের ১৫% লাভে লোন দেওয়া হবে। (Hasan Bin Khalaque এটা হচ্ছে ধরেন, আপনারে একটা ফ্রিজ কিনে দিলাম, আপনি বাজার থেকে ১২/১৫% টাকা বেশি পে করলেন আমাদের। জায়েজ হবে?) ৩/ যাদের মাসিক নির্ভরযোগ্য ইনকাম রয়েছে তাদেরকে সহজে লোন দেওয়া হবে। ৪/ সকল সদস্য ঋণ নিতে হলে পরিবারের গ্রহণযোগ্য অভিভাবক লোন গ্রহণের সময় উপস্থিত থাকতে হবে। ৫/ যেকোন সদস্য লোন নিতে হলে সাদা চেক রশিদ জমা দিতে হবে। ৬/ যেকোন সদস্যদের ইনকামের অবস্থা বিবেচলা করে লোন দেওয়া হবে। ৭/ বিশেষ করে গ্রুপের সদস্যরা লোন নিতে হলে তার অভিভাবকের সাক্ষর এবং গ্রুপের গ্রহণযোগ্য যেকোন একজন সদস্যের সাক্ষর ও সুপারিশক্রমে লোন নিতে পারবে। ৮/ লোন দেওয়া হবে নির্দিষ্ট বস্তু ক্রয় - বিক্রয়ের মাধ্যমে। ৯/ বস্তুগুলো হলো ফ্রিজ,টিভি,মোবাইল, ঘরের আসবাবপত্র, ইট,বালু,রট,সিমেন্ট, মাটি,টিন,দোকানের বিভিন্ন পণ্য ক্রয় ইত্যাদি ক্রয়- বিক্রয় যোগ্য বস্তু। এটা আমাদের বন্ধুদের একটা সংগঠন। এটা কি জায়েজ হবে???????

এখানে কিছু শর্ত মানতে হবে।যেমন:-

১.সমিতি কর্তৃপক্ষ থেকে কেউ নির্ধারিত জিনিসটি ক্রয় করতে হবে।অতঃপর গ্রাহকের কাছে পণ্যটি বিক্রি করতে হবে।(যদি গ্রাহককে টাকা দিয়ে বলে আপনি কিনে নেন,আমাদেরকে ১৫% বেশি দিয়েন,তাহোলে তা জায়েয হবে না)

২.বিক্রির সময় মূল্য নির্ধারণ করে দিতে হবে।

৩.টাকা পরিশোধের সময় নির্ধারণ করতে হবে।

৪.ওয়ারেন্টি,গ্যারান্টি সব সমিতি কর্তৃপক্ষের উপর বর্তাবে।

উপরোল্লিখিত শর্তগুলো মেনে কেউ লেনদেন করতে পারলে তা বৈধ হবে।

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: